## ভাগ – II : বর্ণনামূলক প্রশ্ন

## PART – II : DESCRIPTIVE TYPE QUESTION (55 marks)

### বিভাগ – B : ব্যাকরণ (বিষয়গত)

### SECTION – B : Grammar (Subjective)

5. (A) সন্ধি-বিচ্ছেদ করো। যে কোনো **দুটি** (any **two**)। $2 \times 1 = 2$

বাগাড়ম্বর, সজ্জন, নিরাপদ, ভ্রাতুষ্পুত্র, উচ্ছৃঙ্খল

(B) সন্ধিবদ্ধ পদটি লেখ। যে কোনো **দু'টি** (any **two**)। $2 \times 1 = 2$

চতুঃ + বেদ; কুৎ + ঝটিকা; বহিঃ + কার; সম্ + যোগ

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো। যে-কোনো **তিনটি** (any **three**)। $3 \times 1 = 3$

(I) দেবতাকে <u>পলান্ন</u> নিবেদন কর।

(II) <u>উপদ্বীপে</u> কিন্তু আদিবাসী থাকে।

(III) বিয়েবাড়িতে <u>দেনাপাওনা</u> নিয়ে বিবাদ হলো।

(IV) গ্রামের শেষ প্রান্তে রয়েছে <u>হরগৌরী</u> মন্দির।

(V) <u>পরমেশ্বর</u> তোমাদের রক্ষা করণ।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো। যে-কোনো **তিনটি** (any **three**)।

$3 \times 1 = 3$

(I) অশান্ত চঞ্চল ঘোড়াটি কেবলই পা ঠুকছে। (জটিলবাক্যে)

(II) একজন বেদানা ভেঙে একটা বাটিতে জড়ো করছে। (যৌগিকবাক্যে)

(III) মা ও হাসে, শিশুটিও হাসে। (সরলবাক্যে)

(IV) খবরটা শোনা মাত্র সে কাঁদতে লাগল। (জটিল বাক্যে)

(V) যদিও সে অপেক্ষা করছে, তবুও আমি রাগ করে যাই নি। (সরল বাক্য)

## বিভাগ – B

## SECTION – B

### (ব্যাকরণ)

### (Grammar)

### (MCQ)

2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি বেছে লেখো : (যে কোনো তিনটি) (any three) **3 × 1 = 3**

(I) "জেলেদের দিক থেকে ভেসে আসে উল্লাসধ্বনি"

– বাক্যটিকে সাধুভাষায় পরিবর্তন করলে এর রূপ হবে –

(A) জেলেদের দিক হইতে ভেসে আসে উল্লাসধ্বনি।

(B) জেলেদের দিক হইতে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(C) জেলেদের দিক থেকে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(D) জেলেদের দিকে ভাসিয়া আসে উল্লাসধ্বনি।

(II) "অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চাহিয়া ছিল" চলিত রীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) অপূর্ব মুগ্ধ হয়ে সেইদিকে চেয়ে ছিল।

(B) অপূর্ব মুগ্ধ হইয়া সেইদিকে চেয়ে ছিল।

(C) অপূর্ব মুগ্ধ হয়ে সেইদিকে চাহিয়া ছিল।

(D) অপূর্ব মুগ্ধ ভাবে সেইদিকে চাহিয়া ছিল।

(III) "আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই, তারপর গা ছেড়ে দিই" – সাধুরীতিতে বাক্যটির রূপ হবে

(A) আমি সিটের পিছন দিক ধরিয়া দাঁড়াই, তারপর গা ছেড়ে দিই।

(B) আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই তাহার পর গা ছাড়িয়া দিই।

(C) আমি সিটের পিছন দিক ধরে দাঁড়াই, তাহার পর গা ছেড়ে দিই।

(D) আমি সিটের পিছন দিক ধরিয়া দাঁড়াই, তাহার পর গা ছাড়িয়া দিই।

(IV) "হিরালাল দত্ত মহাশয় হুঁকা হাতে করিয়া ধূমপান করিতেছিলেন" – বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে

(A) হীরালাল দত্ত মশায় হুঁকা হাতে করে ধূমপান করিতেছিলেন।

(B) হীরালাল দত্ত মশাই হুঁকা হাতে করে ধূমপান করছিলেন।

(C) হীরালাল দত্ত মশাই হুঁকা হাতে করিয়া ধুমপান করছিলেন।

(D) হীরালাল দত্ত মহাশয় হুঁকা হাতে করে ধূমপান করিতেছিলেন।

(V) "পদ্মানদী সাঁতার কাটিয়া পার হইয়া যান" – চলিতরীতিতে বাক্যটির রূপ কী হবে ?

(A) পদ্মানদী সাঁতার কেটে পার হইয়া যান।

(B) পদ্মানদী সাঁতার কাটিয়া পার হয়ে যান।

(C) পদ্মানদী সাঁতার কেটে পার হয়ে যান।

(D) পদ্মানদী সাঁতার কেটে পার হইয়া যাচ্ছিলেন।